

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৬

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সালাতের কথা বর্ণনা করলাম, তাতে শত্রুরা মুসলিমদের ও তাদের কিবলার মাঝে ছিল

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الصَّلَاةَ الَّتِي ذَكَرْنَاهَا كَانَ الْعَدُقُّ بَيْنَ الْمُسْلِمِينَ وَبَيْنَ الْقِبْلَةِ فِيهَا

আরবী

2866 \_ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا يَحْيَى بْنُ آدَمَ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْد اللَّهِ يَقُولُ: غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَوْمًا مِنْ جُهَيْنَةَ فَقَاتَلُوا قِتَالًا شَديدًا فَلَمَّا صَلَّيْنَا الظُّهْرَ قَالُوا: لَوْ مِلنا عَلَيْهِمْ مَيْلَةً قَطَعْنَاهُمْ فَأَخْبَرَ جبْريلُ النَّبيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَلِكَ فَذَكَرَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَلِكَ فَقَالَ: قَالُوا: بَيْنَنَا وَيَيْنَهُمْ صَلَاةٌ هِيَ أَحَبُّ إِلَيْهِمْ مِنَ الْأُولَى فَلَمَّا حَضَرَت الصَّلَاةُ صَفَّنَا صَفَّين وَالْمُشْرِكُونَ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَة فَكَبَّرَ رَسُولُ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْه وَسَلَّمَ وَكَبَّرْنَا مَعَهُ فَرَكَعَ وَرَكَعْنَا مَعَهُ وَسَجَدَ وَسَجَدَ الصَّفُّ الْأَوْلُ مَعَهُ فَلَمَّا قَامَ سَجَدَ الصَّفُّ التَّانِي ثُمَّ تَقَدَّمُوا فَقَامُوا مَقَامَ الصَّفِّ الْأَوْل وَتَأَخَّرَ الصَّفُّ الْأَوْلُ فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرْنَا مَعَهُ ثُمَّ رَكَعَ وَرَكَعْنَا مَعَهُ ثُمَّ سَجَدَ وَسَجَدَ الصَّفُّ الْأَوْلُ مَعَهُ ثُمَّ قَعَدَ فَسَجَدَ الصَّفُّ الثَّانِي ثُمَّ جَلَسُوا جَمِيعًا فَسَلَّمَ عَلَيْهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . قَالَ: أَبُو الزُّبَيْرِ عَنْ جابر: كما يُصلِّي أُمراؤُكُم هؤلاء. الراوي: جَابِر بْن عَبْد اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2866 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) .(1122): م

বাংলা



২৮৬৬. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে জুহাইনাহ গোত্রের লোকদের সাথে যুদ্ধ করি। তারা প্রচন্ড যুদ্ধ করে। অতঃপর আমরা যখন যোহরের সালাত আদায় করি, তখন তারা বলে, "যদি আমরা তাদের উপর অতর্কিত হামলা করি, তবে আমরা তাদের মুলোৎপাটন করতে পারবো।"

অতঃপর জিবরীল আলাইহিস সালাম তাদের এই পরিকল্পনার কথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবহিত করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিষয়টি আমাদের সাথে আলোচনা করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "ওরা বলেছে, "আমাদের ও তাদের মাঝে একটি সালাত রয়েছে, যা তাদের কাছে সকল কিছুর চেয়ে উত্তম।"

অতঃপর যখন সালাতের সময় হয়, তখন তিনি আমাদেরকে দুই কাতারে কাতারবন্দি করেন। আর মুশরিকরা আমাদের ও কিবলার মাঝে ছিলো। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর দিলে, আমরাও তাঁর সাথে তাকবীর দেই। তিনি রুকু' করলে, আমরাও তাঁর সাথে রুকু' করি। তিনি সাজদা করলে তাঁর সাথে প্রথম কাতারের সাহাবীগণ সাজদা করেন। তারপর যখন তিনি দাঁড়ান, তখন দ্বিতীয় কাতারের সাহাবীগণ সাজদা করেন। তারপর তারা সামনে এগিয়ে এসে প্রথম কাতারের জায়াগায় দাঁডান আর প্রথম কাতারের সাহাবীগণ পিছে যান।

অতঃপর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকবীর দিলে, আমরাও তাঁর সাথে তাকবীর দেই। তিনি রুক্' করলে, আমরাও তাঁর সাথে রুক্' করি। তিনি সাজদা করলে, তাঁর সাথে প্রথম কাতারের সাহাবীগণ সাজদা করেন। তারপর তিনি বসে থাকেন। তখন দ্বিতীয় কাতারের সাহাবীগণ সাজদা করেন। তারপর সবাই বৈঠকে বসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাম ফেরান।"

আবুয যুবাইর রহিমাহুল্লাহ বলেন, "জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি আরেকটু বেশি বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "যেভাবে তোমাদের শাসকরা সালাত আদায় করে থাকে।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৪০; আবূ আওয়ানা: ২/৩৬০-৩৬১; সুনান বাইহাকী: ৩/৩৫৮; সহীহুল বুখারী: ৪১৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন